নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৫/২৩১০ ৩০ অক্টোবর ২০২৫

## নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার ওয়ার্কশপ, সেমিনার, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ক্যাম্পাসে তিন দিনব্যাপী (৯-১১ অক্টোবর ২০২৫) সপ্তম ছায়া জাতিসংঘ সম্মেলন-২০২৫ এর উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (৯ অক্টোবর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। 'এনএসটিইউ মডেল ইউনাইটেড ন্যাশন্স এসোসিয়েশন (এনএসটিইউমুনা)' এ সম্মেলনের আয়োজন করে।



২. প্রতিষ্ঠার পর প্রথমবারের মতো নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) বিশ্ব র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করেছে। বৃহস্পতিবার (৯ অক্টোবর ২০২৫) যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) কর্তৃক ২০২৬ সালের প্রকাশিত তালিকায় বিশ্ব র‍্যাঙ্কিংয়ে নোবিপ্রবি ১২০১ থেকে ১৫০০ এর মধ্যে অবস্থান করছে। টিএইচই তাদের অফিসিয়াল ওয়েবসাইটে এই র‍্যাঙ্কিং প্রকাশ করে। তালিকায় বাংলাদেশের মোট ২৮টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নোবিপ্রবির অবস্থান ১২তম, আর গবেষণার মানদণ্ডে বিশ্ব তালিকায় অবস্থান ৭২২তম।



৩. প্রথমবারের মতো বিশ্ব র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবি সাংবাদিক, শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে পৃথক মতবিনিময় সভা করেছেন। রোববার (১২ অক্টোবর ২০২৫) বেলা ১২টায় উপাচার্যের সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের অংশগ্রহণে প্রথম সভা অনুষ্ঠিত হয়। পরে বিকেল ৩টায় বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে শিক্ষক, কর্মকর্তাদের সঙ্গে র‍্যাঙ্কিং, ৩য় সমাবর্তন, পে-কমিশনে মতামত প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের সার্বিক বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ উপস্থিত ছিলেন।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে প্রজেক্ট প্রপোজাল রাইটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৩ অক্টোবর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'ট্রেনিং অন ইমপ্রুভিং কম্পিউটার এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টারশিয়ারি এডুকেশন প্রজেক্ট (ICSETEP)' শীর্ষক প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে ইস্তাম্বুল কালচার ইউনিভার্সিটির চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার (১৪ অক্টোবর ২০২৫) উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে ইস্তাম্বুল কালচার ইউনিভার্সিটির পক্ষে স্বাক্ষর করেন ইরাসমাস ইনস্টিটিউশনাল কো-অর্ডিনেটর সেককিন তাইগুন আলটিনতাস।




৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিশ্ব পরিসংখ্যান দিবস ২০২৫ পালিত হয়েছে। এ উপলক্ষে সোমবার (২০ অক্টোবর ২০২৫) বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান ড. নাজমা বেগমসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ।




৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ক্যারিয়ার কর্নার উদ্বোধন করা হয়েছে। রোববার (২৬ অক্টোবর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের দ্বিতীয় তলায় এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় অন্যান্যের মাঝে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. শিবলুর রহমানসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) এনআরবিসি ব্যাংকের 'তারুণ্যের উৎসব ২০২৫' শীর্ষক আর্থিক স্বাক্ষরতা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। রোববার (২৬ অক্টোবর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের গোলচত্ত্বরে এনআরবিসি ব্যাংক স্থাপিত স্টলে কর্মসূচির উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় এনআরবিসি ব্যাংকের পক্ষে উপস্থিত ছিলেন কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক প্রধান জনাব কাজী মো. জিয়াউল করিম। নোবিপ্রবি শিক্ষার্থীদের দেশে-বিদেশে উচ্চশিক্ষায় সহায়তা, উদ্যোক্তা সৃষ্টি, ক্যারিয়ার গাইডলাইন ও ব্যাংকিং সেবা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ বিশেষ কর্মসূচির আয়োজন করে এনআরবিসি ব্যাংক।




৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে দুই দিনব্যাপী পাবলিক প্রকিউরমেন্ট রুল্স (পিপিআর) এবং অফিস ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৯ অক্টোবর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। রিসোর্স পারসন ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এর ঊর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা ও প্রোডাক্টিভিটি কন্সালটেন্সি বিভাগের প্রধান মোহা. আমিনুল ইসলাম।



১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) গবেষণার ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৯ অক্টোবর ২০২৫) নোবিপ্রবি একাডেমিক ভবন-২ এর ভিডিও কনফারেন্স কক্ষে জীববিজ্ঞান অনুষদের আয়োজনে এবং ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সহযোগিতায় 'নোবেল

টেকনোলজি অ্যান্ড ইমার্জিং ফ্রন্টিয়ার্স অব বায়োলজিক্যাল রিসার্চ' শীর্ষক ওই সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক এর নোবিপ্রবিতে যোগদানের এক বছর পূর্তি উপলক্ষে বৃহস্পতিবার (৩০ অক্টোবর ২০২৫) উপ- উপাচার্যের কার্যালয়ে ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪